# মুখতাসার যাদুল মা‘আদ

বিভাগ/অধ্যায়ঃ অনুচ্ছেদ সমুহের সূচী ও বিবরন

রচয়িতা/সঙ্কলকঃ ইমাম ইবনুল কাইয়্যিম (রহঃ)

যিকির তথা আল্লাহর স্মরণের ক্ষেত্রে নাবী (সাঃ) এর সুন্নাত

সমগ্র সৃষ্টির মধ্যে আল্লাহর যিকির তিনিই সবচেয়ে বেশী করতেন। মূলতঃ তার সকল কথাই আল্লাহর যিকিরের অন্তর্ভুক্ত ছিল। উম্মাতের জন্য তাঁর আদেশ, নিষেধ, শরীয়ততের বিভিন্ন বিধান নির্ধারণ করা, আল্লাহর নাম ও সিফাত সম্পর্কে সংবাদ দেয়া, আল্লাহর হুকুম-আহকাম, আল্লাহর কর্মসমূহ সম্পর্কে সংবাদ দেয়া, সৎকর্মশীলদের জন্য আল্লাহর ওয়াদা এবং অপরাধীদের জন্য তাঁর শাস্তির ভীতি প্রদর্শনও রসূল (ﷺ) এর সুন্নাতের অন্তর্ভুক্ত। আল্লাহর নেয়ামতের কৃতজ্ঞতা জ্ঞাপন, আল্লাহর বড়ত্ব বর্ণনা করা, তাঁর পবিত্রতার ঘোষণা দেয়া এবং তাঁর প্রশংসা করাও যিকির। তিনি যখন চুপ থাকতেন তখনও অন্তরের মাধ্যমে আল্লাহকে স্মরণ করতেন। আল্লাহর কাছে দু'আ করা, কিছু চাওয়া, এবং আল্লাহকে ভয় করাও যিকিরের মধ্যে গণ্য। দাঁড়ানো, বসা, শায়িত, চলন্ত, আরোহন, ভ্রমণ এবং নিজ দেশে অবস্থানসহ সকল অবস্থাতেই তিনি আল্লাহর যিকির করতেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=3869

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন